দৈনিক সংবাদ

41

তারিখ 0 2 JUN 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

# ঢাকা বোর্ডে চুরি : তদন্তে অগ্রগতি নেই

( নিজস্ব বার্তা পরিবেশক )

ঢাকা শিক্ষা বোর্ডের দু'টি কক্ষের তালা ভেঙে সার্টিফিকেট ও মার্কশিটের ন'শ' খালি পাতা এবং সিল চুরি মামলার কোন অগ্রগতি নেই। গতকাল বৃহস্পতিবার রাতে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখার একজন সহকারী কমিশনার জানান, ওই মামলার কোন অগ্রগতি হয়নি।

গত ২৫শে মে রাত ৮টায় ঢাকা শিক্ষা বোর্ডে ওই চুরির ঘটনা ঘটে। মূল ভবনের তিনতলার ৩০৯ ও ৩১০ নম্বর কক্ষের তালা ভেঙে সার্টিফিকেট ও মার্কশিটের খালি পাতা ও সিল চুরি করে পালানোর

বোর্ড : পৃঃ ৮ কঃ ৫

## বোর্ড : তদন্তে অগ্রগতি নেই

( ১ম পৃষ্ঠার পর )

সময়ে চোর হাতেনাতে ধরা পড়ে। বোর্ডের নাইটগার্ড ও আনসাররা চোরকে হাতেনাতে ধরে ফেলে। সে পুলিশের কাছে স্বীকার করে যে, ঢাকা শিক্ষা বোর্ডের বাবুল ও আলাউদ্দিন নামে দু'জন কর্মচারির সঙ্গে তার পরিচয় আছে।

ঘটনাটি বোর্ডের চেয়ারম্যান কন্ট্রোলার-সহ অন্য কর্মকর্তারা অবহিত হন। কিন্তু এত বড় একটা চাঞ্চল্যকর ঘটনা মন্ত্রণালয় অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জানানো হয়নি। বোর্ডের কিছু দুর্নীতিবাজ কর্মকর্তা ও কর্মচারি এই চুরির সঙ্গে জড়িত থাকতে পারেন বলে সংশ্লিষ্ট একটি সূত্রে অভিযোগ করা হয়েছে। এরপরও বোর্ড কর্তৃপক্ষ এবং পুলিশের নীরব ভূমিকা সংশ্লিষ্ট ব্যক্তিদের মনে নানা প্রশ্নের জন্ম দিচ্ছে। এ ব্যাপারে লালবাগ থানায় একটি মামলা দায়ের হয়েছে। পুলিশ জানায়, চুরি হওয়া সার্টি-ফিকেট ও মার্কশিটের খালি ৯শ' পাতার ৯টি বইয়ের মধ্যে ৭টি আলামত হিসেবে তাদের কাছে রয়েছে। বাকি ২টি বই বোর্ড কর্তৃপক্ষ নিয়ে গেছে।